

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
আইসিটি সেল

ডিসেম্বর / ২০১৯ মাসের ইনোভেশন টীমের সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ যুগ্ম-সচিব
সভার তারিখ	৩১/১২/২০১৯ খ্রি.
সভার সময়	বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি মহোদয় উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে প্রতিনিয়ত তা অবলোকনসহ বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ অপরিহার্য। ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ প্রিন্ট করে ইনোভেশন টীমের সকল সদস্য তা স্ব স্ব ডেস্কে রাখবেন এবং যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে আলোচনা / উদ্যোগ গ্রহণ করবেন। ইনোভেশন কর্মপরিকল্পনা বাস্তবায়ন শেষে তার প্রমানক যথাযথভাবে সংরক্ষণ করে রাখতে হবে যাতে প্রয়োজনে তা পাওয়া যায়।

এছাড়া তিনি আরও জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ যে সকল কার্যক্রম আছে তা যতদ্রুত সম্পাদন করা যায় সেই বিষয়ে লক্ষ রেখে দ্রুত প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। এছাড়া, ইনোভেশন সংক্রান্ত ২ (দুই) দিনের প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করার বিষয়ে আলোচিত হয়।

ইনোভেশন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০-তে উল্লেখিত বিগত ছয় মাসে সম্পাদিত কার্যক্রম সম্পর্কে আলোচনা হয়, উক্ত আলোচনায় পরবর্তীতে সকল কার্যক্রম দ্রুত সম্পাদনের বিষয়ে আলোচিত হয়।

ইনোভেশনসহ অন্যান্য কার্যক্রমসহ সময়ে সময়ে ওয়েবসাইট হালনাগাদ রাখার বিষয়ে আলোচনা হয়।

বিস্তারিত আলোচনান্তে সকলে সর্ব সম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

- ১। গত ছয়মাসে সম্পাদিত কার্যক্রমের তথ্য সম্পূর্ণ রাখতে হবে এবং অসম্পাদিত কার্যক্রম দ্রুত সম্পাদন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ২। ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণ দ্রুত সম্পন্ন করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ তোফিকুল আরিফ
যুগ্ম-সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.৯

তারিখ: ২৫ পৌষ ১৪২৬
০৯ জানুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) যুগ্ম-সচিব, ব্লু-ইকোনমি অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৩) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
- ৪) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
- ৫) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৬) মহাপরিচালক (চলতি দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৭) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ৮) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
- ৯) উপ-সচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১০) উপপ্রধান, পরিকল্পনা অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১১) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১২) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ১৩) রেজিস্ট্রার, , বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।
- ১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



মোঃ ইলিয়াস হোসেন
সিস্টেম এনালিস্ট